

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

নং-৪৬.৪২.৮৯০০.০০০.৯৯.০১৬.১৫.৪৩৯৫


তারিখ : ২০ পৌষ ১৪২২  
ডিসেম্বর ২০১৫

বিষয় : অডিটরিয়াম কাম মাল্টিপারপাস হল নির্মাণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে শেরপুর জেলার নকলা উপজেলার নকলা ইউনিয়নের নকলা মৌজার (দাগ নং ৫৭১০, ৫৭১১, ৫৭১৩, ৫৭১৪) ৫০ শতাংশ ভূমিতে পল্লী উন্নয়ন কেন্দ্র কাম পাবলিক অডিটরিয়াম নির্মাণের জন্য বেগম মতিয়া চৌধুরী, এমপি, মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় অনুরোধ জানান। উল্লেখ্য, পল্লী উন্নয়ন কেন্দ্র কাম পাবলিক হল নির্মাণ জেলা পরিষদের আওতাভুক্ত নয়। তবে উপজেলা পর্যায়ে অডিটরিয়াম কাম মাল্টিপারপাস হল নির্মাণের বিষয়ে গত ২২.১১.২০১৫ তারিখে মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে :

- ১) প্রতিটি উপজেলায় এলজিইডি'র টাইপ ডিজাইন অনুযায়ী ৫০০ আসন বিশিষ্ট অডিটরিয়াম কাম মাল্টি পারপাস হল নির্মাণের কার্যক্রম গ্রহণ করা হবে। উপজেলা কম্পাউন্ড অথবা উপজেলা কম্পাউন্ড এর সন্নিহিতে ন্যূনতম ২০০' x ১০০' (৪৭ শতাংশ) নিষ্কটক জমির সংস্থানপূর্বক উপজেলা পরিষদ স্থানীয় সরকার বিভাগে প্রকল্প প্রস্তাব দাখিল করবে। তবে জমির সংকট থাকলে যৌক্তিক দূরত্বে উপযুক্ত নিষ্কটক জমির সংস্থান করে প্রস্তাব দাখিল করা হলে বিষয়টি বিবেচনা করা যাবে।
  - ২) উপজেলা পর্যায়ে নির্মিতব্য অডিটরিয়াম কাম মাল্টি পারপাস হলগুলোর মালিকানা উপজেলা পরিষদের থাকবে। এর আয় থেকে উপজেলা পরিষদ অডিটরিয়ামে নিয়োজিত কর্মচারীদের বেতন-ভাতা নির্বাহ এবং স্থাপনার রক্ষণাবেক্ষণ করবে।
- ২। এমতাবস্থায়, শেরপুর জেলার নকলা উপজেলার নকলা ইউনিয়নের নকলা মৌজার ৫০ শতাংশ ভূমিতে ৫০০ আসন বিশিষ্ট অডিটরিয়াম কাম মাল্টিপারপাস হল নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হলে স্বয়ং-সম্পূর্ণ প্রকল্প প্রস্তাব প্রস্তুত করে শেরপুর জেলা পরিষদের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

  
২৭/১২/১৫  
(জুবাইদা নাসরীন)  
উপ সচিব  
ফোনঃ ৯৫৭৫৫৬৮  
[lgzp@lgd.gov.bd](mailto:lgzp@lgd.gov.bd)

উপজেলা নির্বাহী অফিসার  
নকলা, শেরপুর

অনুলিপি :

১. প্রশাসক, জেলা পরিষদ, শেরপুর।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, শেরপুর।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।